

গীতিকবিতা

- কবির প্রগাঢ় ব্যক্তিক উপলক্ষির ধারক ও বাহক গীতিকবিতা । কিন্তু সেই ব্যক্তিক ভাবাবেগকে এক বিশ্বাসযোগ্য ও বাচনিক রূপ ধারণ করতে হবে ।
 - এক কবিতায় কবি তাঁর একান্ত ব্যক্তিগত আবেগ অনুভূতিকে এক সাবলীল ও আন্তরিক গীতিপ্রবণ ভাষায় ব্যক্ত করেন তাই মন্য কবিতা বা গীতিকবিতা ।
 - লিরিক শব্দটির উদ্ভব প্রাচীন বাদ্যযন্ত্র বীণা বা Lyre থেকে । গ্রীস দেশে lyre বা বীণা সহযোগে গায়ক তাঁর ব্যক্তিক অনুভবকে যখন গান করে গাইত তাঁকে বলা হতো lyre.
 - গান ও গীতিকবিতার মধ্যে পার্থক্যের মূল মানদণ্ড শব্দ নির্বাচন ।
 - “যাহাকে আমরা গীতিকবিতা বলিয়া থাকি অর্থাৎ যাহা একটুখানির মধ্যে একটিমাত্র ভাবের বিকাশ।” – রবীন্দ্রনাথ ঠাকুর ।
 - সার্থক লিরিকে কবিস্বরে অনুরণিত হয় সমষ্টির জীবন ও অভিজ্ঞতা ।
 - কোনো রচনায় কবির আত্মবিমুক্ত অনুভূতির বদলে একটি ঘটনা, চরিত্র বা গল্প বড় হয়ে ওঠে । এই জাতীয় রচনাকে গীতি-গাথা বা Lyrical Ballad বলা হয়ে থাকে ।
- যেমন – মোহিতলাল মজুমদারের ‘নবতীর্থঙ্কর’, কালিদাস রায়ের ‘চাঁদ সদাগর’, রবীন্দ্রনাথ ঠাকুরের ‘নিষ্ফল উপহার’ ইত্যাদি ।

গীতিকবিতার বৈশিষ্ট্য

- কবি হৃদয়ের একান্ত ব্যক্তিগত ভাবাবেগের প্রকাশ হলো গীতিকবিতা
- কবি ও পাঠকের মধ্যে নিবিড় রস সংযোগ গড়ে ওঠে।
- গীতিকবিতার এক সর্বজনীন আবেদন ও মূল্য থাকে।
- গীতিকবিতা যতখানি আবেগ-অনুভূতিমূলক, সাধারণভাবে চিন্তামূলক নয়।
- সংহত ও সংক্ষিপ্ত অবয়ব বিন্যাসে সার্থক গীতিকবিতা শব্দ-ছন্দ-সুর- তান- ব্যঞ্জনায় এক সুসমন্বিত শিল্পরূপ।

গীতিকবিতার বিষয়ানুক্রমিক শ্রেণিবিন্যাস

❖ প্রেমমূলক-

গোবিন্দ চন্দ্র দাসের রমণীর মন, দেবেন্দ্রনাথ সেনের ‘দাও দাও একটি চুম্বন’, রবীন্দ্রনাথের গুপ্তপ্রেম, জীবনানন্দ দাশের বনলতা সেন।

❖ দেশপ্রেম-বিষয়ক-

মধুসূদন দত্তের ‘বঙ্গভূমির প্রতি’, বঙ্কিমচন্দ্রের ‘বন্দে মাতরম’, দ্বিজেন্দ্রলাল রায়ের ‘আমার দেশ’

❖ প্রকৃতিপ্রেম-বিষয়ক -

বিহারীলালের নিসর্গ সন্দর্শন, রবীন্দ্রনাথের ‘বর্ষামঙ্গল, বসুন্ধরা, মোহিতলালের ‘কালবৈশাখী’ ইত্যাদি।

প্রাচীন ও আধুনিক গীতিকবিতার পার্থক্য

প্রাচীন	আধুনিক
সুরযোগে গীত হওয়ার উপযোগী পদ	গান নয়, কবিতা
সম্প্রদায়গত ধর্মচেতনাকে বাণীরূপ দেওয়া হয়েছে।	আধুনিক গীতিকবির ভাবনা ব্যক্তিগত।
বিষয় – প্রেম, ভক্তি, বাৎসল্য	বিষয় – দ্বিধা, সংশয়, বিপন্নতার এক জটিল ভাবগুচ্ছ।
ব্যক্তি অনুভূতি পরোক্ষ	ব্যক্তি অনুভূতি প্রত্যক্ষ
যুগধর্মের উপস্থিতি কম	যুগধর্মের উপস্থিতি বেশি।